মেহেরপুরে ছাত্রদলের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র্যালি

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি করেছে জেলা ছাত্রদল।

আজ বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরের নেতৃত্বে শহরের কাথুলি বাস স্ট্যান্ড এলাকা থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কোর্ট মোড়ে গিয়ে শেষ হয়।

র্যালিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদ, সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন, দপ্তর সম্পাদক লিজন আলী, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহী, সদস্য সচিব জারজিস ইউসুফ রৌমিক, সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, সাবেক ছাত্রনেতা আহমেদ রাজিব খানসহ জেলা ছাত্রদলের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে হাউলী ইউনিয়ন ছাত্রদলের উদ্যোগে জাঁকজমকপূর্ণ ভাবে জাতীয় ও দলীয় পতাকা উত্তলন, কেক কাটা,

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

র্যালিটি স্থানীয় ছাত্রদল কার্যালয় থেকে শুরু হয়ে ইউনিয়নের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এতে নেতাকর্মীরা জাতীয় পতাকা ও দলীয় প্রতীকসহ বিভিন্ন ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশ নেন।

অনুষ্ঠানে হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবু’র সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সহ-সভাপতি মহিউদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, হাউলী ইউনিয়ন ছাত্রদল নেতা নয়ন, আলিফ, কুরবান, আশরাফুল, আশিক, সজিবুল, হাবিব, রানা, অপু, সাব্বির, মাহাতাব, আকাশ, রাব্বি, লিটন, সিজান, স্বপন, অন্তর, রাজু, নূরালি, সোহান, ওবায়দুল্লাহসহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক তানজিল হাসান তামিম ও সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক।

পরে বিকাল সাড়ে ৫টার সময় হাউলী ইউনিয়ন বিএনপি’র অস্থায়ী কার্যালয়ে কেক কাটা হয়।

ঝিনাইদহে পদ্মা সমাজ কল্যাণ সংস্থার প্রতিষ্ঠাবার্ষিকী পালন

ঝিনাইদহে পদ্মা সমাজ কল্যাণ সংস্থার ২০তম প্রতিষ্ঠা বার্ষিকীতে পিঠা উৎসব, পুরস্কার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকালে সংস্থার সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সেসময় উপস্থিত ছিলেন জেলা মানবধিকার সংস্থার সভাপতি সাবেক অধ্যক্ষ আমিনুর রহমান টুকু, শেল্টার সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক রোমেনা বেগম, এ্যাড. নাছির উদ্দিন, সাংবাদিক ফয়সাল আহমেদ, পদ্মা সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক হাবিবুর রহমান, সিডিপির কো-অডিনেটর পারভিন নাহার, ঝিনাইদহ ল্যাবলেটরি স্কুলের পরিচালক ইছাহাক আলী, সামাজিক সংগঠনের আহবায়ক গাউস গোরকী, হেব্বী গ্রুপের পরিচালক জিহান লেমন, সাংবাদিক লোটাস রহমান সোহাগ, বসির আহাম্মেদ, পদ্মা ইয়ুথ ইনিশিয়েটিভের সভাপতি শাহিন আলম সায়েম, সাধারণ সম্পাদক মেহেদী হাসান, পদ্মা সমাজ কল্যাণ সংস্থার প্রশিক্ষক সোহানা খাতুন, নারী উদ্যোক্তা রত্মা খাতুন ও উদ্যোক্তা আনোয়ার পারভেজ মাসুমসহ অন্যান্যরা।

ঝিনাইদহে জাতীয় পার্টির ৩৯তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে জাতীয় পার্টির ৩৯ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। সংগঠনটির জেলা শাখার আয়োজনে বুধবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা জাতীয় পার্টির ভারপ্রাপ্ত সভাপতি মেজর (অব:) মোঃ মাহফুজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক এমদাদুল ইসলাম বাচ্চু, সাংগঠনিক সম্পাদক আসিফ উদ্দিন লাভলু দপ্তর সম্পাদক অরবিন্দ বিশ্বাস, যুগ্ম-সাধারণ সম্পাদক ও জেলা স্বেচ্ছাসেবক পার্টির আহবায়ক কবির উদ্দিন, জেলা জাতীয় পার্টির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সুলতান আহমেদ সোহাগ, জেলা জাতীয় তরুণ পার্টির সদস্য সচিব আক্তারুজ্জামান ও সদর উপজেলা জাতীয় পাটির সাধারণ সম্পাদক আজিজুর রহমান অটোসহ হরিণাকুন্ডু, মহেশপুর, কোটচাদপুর, কালীগঞ্জ ও শৈলকুপা উপজেলার জাতীয় পাটির ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ। বক্তারা, গণতন্ত্রের চর্চা ও সুষ্ঠু ধারার রাজনীতি করতে সকলকে জাতীয় পাটির পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

পরে প্রয়াত রাষ্ট্রপতি হুসেইন মোহাম্মদ এরশাদের আত্মার মাগফেরাত কামনা ও বর্তমান চেয়ারম্যান জি এম কাদেরের সু-স্বাস্থ্য কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

দামুড়হুদায় ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

১৯৭৯ সালের ১ জানুয়ারি সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান এই সংগঠন প্রতিষ্ঠা করেন। এর পর বিভিন্ন চড়াই-উতরাই পেরিয়ে দেশের অন্যতম বৃহৎ ছাত্রসংগঠনে পরিণত হয় ছাত্রদল। তারই উপলক্ষে দামুড়হুদা উপজেলা ছাত্রদলের উদ্যোগে জাঁকজমকপূর্ণ ভাবে জাতীয় ও দলীয় পতাকা উত্তলন, কেক কাটা, বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

র্যালিটি স্থানীয় ছাত্রদল কার্যালয় থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এতে নেতাকর্মীরা জাতীয় পতাকা ও দলীয় প্রতীকসহ বিভিন্ন ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশ নেন। র্যালি শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় বিএনপি ও ছাত্রদলের নেতারা বক্তৃতা দেন। তারা দলীয় ঐক্য বজায় রাখা এবং গণতন্ত্র পুনরুদ্ধারের আহ্বান জানান। উচ্ছ্বাস ও দেশপ্রেমে উজ্জীবিত এ র্যালি দলীয় কর্মসূচি সফল করতে স্থানীয়দের মধ্যে ব্যাপক সাড়া ফেলে।

অনুষ্ঠানে দলীয় নেতাকর্মীদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়। আজ বুধবার সকাল ১০ টার সময় দামুড়হুদা বিএনপি’র অস্থায়ী কার্যালয়ে কেক কাটা হয়।

অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সভাপতি আফজালুল হক সবুজের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মন্টু মিয়া, দামুড়হুদা উপজেলা মহিলা দলের সভানেত্রী সালমা জাহান পারুল, সদর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ আব্দুর রহিম, সাধারণ সম্পাদক মোঃ আনছার আলী,দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মোঃ জাকির

হোসেন,দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক জনি, ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইনজামামুল হকসহ বিভিন্ন ইউনিয়নের ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা ছাত্রদলের সদস্য সচিব এম ডিকে সুলতান জসিম।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনে নানা আয়োজন

আলোচনা সভা, পিঠা উৎসব ও সম্মাননা স্মারক প্রদানের মধ্য দিয়ে মেহেরপুর জেলা প্রেসক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হয়েছে। গতকাল সোমবার বিকালে মেহেরপুর জেলা প্রেসক্লাব কার্যালয়ে আনুষ্ঠানিক ভাবে ক্লাবটির ৮ম বর্ষে পদার্পণ উদযাপন করা হয়। এ সময় আলোচনা সভা ও পিঠা উৎসবের পাশাপাশি ২০২৪ সালে মেহেরপুর জেলার সাংবাদিকতায় অবদান রাখার স্বীকৃতি স্বরূপ দিলরুবা খাতুন ও খান মাহমুদ আল রাফিকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

জেলা প্রেস ক্লাবের সদস্যদের উপস্থিতিতে অনুষ্ঠিত আলোচনা সভায়, ক্লাবটির সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনা ও সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু এবং জিনিয়াস ল্যাবরেটরি স্কুলের পরিচালক আল আমিন ইসলাম বকুল।

অতিথির বক্তব্যে অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন বলেন, এই সংগঠনটির সাথে আমার সম্পর্ক দীর্ঘদিনের। বর্তমান সমাজে সাংবাদিকতা খুবই চ্যালেজ্ঞিং পেশা। যে সমাজে গণতন্ত্র থাকে না,যে সমাজ দারুণভাবে অসুস্থ, সেই সমাজে আসলে মুক্ত চিন্তা ও সাংবাদিকতার চর্চা করা প্রচন্ড চ্যালেঞ্জিং। বিগত সময়ে অনেক চ্যালেঞ্জ মোকাবেলা করে এই

প্রেস ক্লাব নিজ অবস্থানে তৈরি করেছে। আগামীতেও সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে মেহেরপুর জেলা প্রেসক্লাব তার অবস্থান ধরে রাখবে সেই প্রত্যাশা করছি।’ এ সময় তিনি গণমাধ্যম কর্মীদের আরও বস্তুনিষ্ঠ ও মানসম্মত খবর পরিবেশন করার আহ্বান জানান।

অন্যান্য অতিথিরা তাদের বক্তব্যে জেলা প্রেসক্লাবের সার্বিক কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন। বিগত সরকারের সময়ে মেহেরপুর জেলা প্রেসক্লাব সদস্যদের বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের ক্ষেত্রে নির্ভীক ভূমিকার কথা উল্লেখ করে অতিথিরা সংবাদ কর্মীদের ভূয়সী প্রশংসা করেন।

আলোচনা সভা শেষে জেলার সাংবাদিকতায় অবদান রাখার স্বীকৃতি স্বরূপ কালবেলার জেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি ও বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) এর জেলা প্রতিনিধি দিলরুবা খাতুন কে সম্মাননা স্মারক প্রদান করা হয়। অতঃপর পিঠা উৎসব উদযাপন করা হয়।

মেহেরপুরে আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

আজ রবিবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ভার্চুয়ালি আলোচনা সভার সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন।

এসময় বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য ডা: নাজমুল হক সাগর, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট ইব্রাহিম শাহিন, আইন বিষয়ক সম্পাদক অ্যাড পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আনারুল

ইসলাম, মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু,শহর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বারাদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন প্রমুখ।

এছাড়াও এসময় ইউপি চেয়ারম্যান শাহজাহান, সেলিম রেজা, মতিউর রহমান মতিন, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবুল আক্তার, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, জেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক রুতশোভা মন্ডল, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ আওয়ামী লীগের ৭৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করেছে মেহেরপুর পৌর আওয়ামী লীগ।

আজ রবিবার (২৩ জুন) বিকালে জেলা পরিষদের হল রুমে এ আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠিত হয়।

পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাড. খ ম ইমতিয়াজ হারুন জুয়েলের সভাপতিত্বে এসময় জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাড মিয়াজান আলী, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড আব্দুস সালাম, কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য ও জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এম.এ.এস ইমন, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনসহ পৌর আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় নেতারা বলেন,বাংলাদেশের জন্মের সঙ্গে জড়িত আছে আওয়ামী লীগের নাম। সকল জাতীয় অর্জনের সঙ্গে জড়িত আছে যে দলটির নাম তার নাম

বাংলাদেশ আওয়ামী লীগ। এই দলের হাত ধরেই গড়ে উঠবে স্মার্ট বাংলাদেশ। ইতিহাসের পরতে পরতে এই দলটির যে অবদান তা অবিস্মরণীয়। যে কারণে শত বাধা-বিপত্তি আর ষড়যন্ত্র মাড়িয়ে বাংলাদেশের সব সফলতার গল্পে অবদান আছে আওয়ামী লীগের।

আওয়ামী লীগ সৃষ্টির মধ্য দিয়ে বঙ্গবন্ধু মানুষের কল্যাণে কাজ করেছেন

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, বাংলাদেশ আওয়ামী লীগ সৃষ্টির মধ্য দিয়ে বঙ্গবন্ধু মানুষের কল্যাণে কাজ করেছেন। সর্বশেষ তিনি জাতীর শ্রেষ্ঠ অর্জন আমাদের স্বাধীনতা উপহার দিয়েছেন। আমরা স্বাধীন সার্বভোম বাংলাদেশে বাস করছি।

আজ বৃহস্পতিবার বিকালে বাংলাদেশ আওয়ামী মহিলা যুবলীগের ২১ তম প্রতিষ্ঠা বার্ষিকীর আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন প্রতিমন্ত্রী ফরহাদ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কেন্দ্রীয় যুব মহিলা লীগের সাবেক সদস্য সৈয়দা মোনালিসা ইসলাম। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বাশিরা পলি, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রুথ শোভা মন্ডল, সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি লতিফন নেছা লতা, সাধারণ সম্পাদক রোজিনা খাতুন, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, আমদহ ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি রেহেনা খাতুন ও সাধারণ সম্পাদক আরিফা খাতুনসহ অন্যান্যরা।

তিনি আরও বলেন, আমরা এখন জাতীর জনকের কন্যা শেখ হাসিনার নেতৃত্বে ভাল আছি, নিরাপদে আছি। প্রতি মূহূর্তে আমরা উন্নয়নের দিকে যাচ্ছি। নারীদের সংগঠণ যুব মহিলা লীগ শক্তিশালীভাবে কাজ করছেন।

প্রধান অতিথির বক্তব্যে ফরহাদ হোসেন আরও বলেন, সারা বাংলাদেশে

যুব মহিলা লীগ চমৎকার সুসংগঠিত একটি সংগঠণ। এই সংগঠণটি প্রধান মন্ত্রীর আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। বাংলাদেশ আওয়ামীলীগের কাছেও দলটি ইশর্^নিয় সংগঠণ হিসেবে পরিচিতি পেয়েছে। দলটির প্রতিটি ওয়ার্ডে সব বয়সী নারীরা কমিমিতে রয়েছে। তারা প্রধান মন্ত্রীর উন্নয়ন চিত্র সকলের মধ্যে তুলে ধরছেন।

জন্মবার্ষিকী উপলক্ষে একটি র্যালী শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে ফরহাদ হোসেনের বাড়ির সামনে কেক কাটেন।

চুয়াডাঙ্গায় যুব মহিলা লীগের ২১তম প্রতিষ্ঠা বার্ষিক পালিত

নানা কর্মসূচির মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় যুব মহিলা লীগের ২১তম প্রতিষ্ঠা বার্ষিক পালন করা হয়েছে। ২১তম প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে র্যালি আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার সকাল সাড়ে সাতটার সময় দলীয় ও জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হয় দিনের কার্যক্রম। বেলা সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের কার্যালয় হতে এক বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে চুয়াডাঙ্গা বড় বাজার মুক্ত মঞ্চে এসে র্যালিটি শেষ হয়।

র্যালি পরবর্তী আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন। এ সময় তিনি বলেন, ২০০২ সালের ৬ জুলাই বিরোধী দলে থাকতে তৎকালীন বিরোধীদলীয় নেত্রী ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাত্রলীগের একঝাক সাবেক নেত্রীদের নিয়ে যুব মহিলা লীগ গঠন করেন। সেই সময় রাজপথে আওয়ামী লীগের সকল কর্মসূচীতে অংশগ্রহণের পাশাপাশি যুব মহিলা লীগের নেতাকর্মীরা বিএনপি-জামায়াত জোট সরকারের জুলুম-নির্যাতনের বিরুদ্ধে সাহসী আন্দোলন গড়ে তোলে দেশব্যাপী সুপরিচিতি লাভ করে।

র্যালি ও আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব

মহিলা লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি-পূর্ণিমা হালদার,

সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি সহ চুয়াডাঙ্গা জেলা ও উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ